# Times Today BD

বাংলাদেশ | 31 March, 2025

রাজশাহীর বাঘায় জামায়াত ও ছাত্রশিবিরের সঙ্গে বিএনপি ও ছাত্রদলের পাল্টাপাল্টি হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে।এ ঘটনায় দুজন আহত হয়েছেন।

রোববার (৩০ মার্চ) রাতে উপজেলার বাউসা বাজারে এ হামলার ঘটনা ঘটে।পূর্ব শত্রুতার জেরে এ সংঘর্ষের ঘটনা ঘটেছে বলে জানা গেছে।

স্থানীয় সূত্রে জানা যায়, রোববার বিকেলে বাউসা ইউনিয়নের দিঘা ১ নম্বর ওয়ার্ড ছাত্রশিবিরের সেক্রেটারি সৌরব আহমেদের গতিরোধ করে মারধর করেন বিএনপিকর্মী রাজীব হোসেন, আরাফাত আহমেদ ও মোমিন হোসেন।এর জেরে রাত ৮টার দিকে বাউসা বাজারে থাকা রাজিবের ওপর হামলা করেন শিবিরের নেতাকর্মীরা।মারধরের খবর শুনে বাজারে ছুটে আসেন বিএনপির নেতাকর্মীরা।এরপর উভয় পক্ষের মধ্যে হয় ধাওয়া-পাল্টাধাওয়া।

এসময় জামায়াতকর্মী মিজানুর রহমানের ওষুধের দোকান, রফিকুল ইসলামের জুতার দোকান ও ইমারত শ্রমিক আকবর হোসেনের দোকানে হামলা করে ভাঙচুর করা হয়।এছাড়া জামায়াত নেতা মজিবর রহমান ও আমির উদ্দিনের মোটরসাইকেল এবং আক্কাছ আলীর ভ্যানে আগুন দেন বিএনপির নেতাকর্মীরা।

বাঘা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আ ফ ম আসাদুজ্জামান বলেন, রাত সাড়ে ১১টা পর্যন্ত কেউ অভিযোগ করেননি।আহতদের মধ্যে সৌরভ নামের একজন বাঘা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও রাজিব রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:25

URL: https://www.timestodaybd.com/public/bangladesh/775807214